

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়, ফেনী
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
www.feni.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারক নম্বর : ০৫.২০.৩০০০.০০১.০৯.০০১.২৩-০৯

তারিখ : ১৮ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪

জরুরি বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল অনুসারে আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ফেনী জেলার ৬টি উপজেলায় মোট ০৩ টি সংসদীয় আসন [২৬৫ ফেনী-০১ (পরশুরাম, ছাগলনাইয়া, ফুলগাজী), ২৬৬ ফেনী-০২ (ফেনী সদর) ও ২৬৭ ফেনী-০৩ (সোনাগাজী, দাগনভূঞা)] রয়েছে। উক্ত নির্বাচনে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিয়োক্ত নৌযান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন ও নৌপরিবহন মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহণ করেছেন :

লঞ্চ, ইঞ্জিন বোট (নির্দিষ্ট বুটে চলাচলকারী ব্যতীত) ইত্যাদি

২.০ উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে :

- (ক) রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য;
- (খ) নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে);
- (গ) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, সশস্ত্র বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক;
- (ঘ) কতিপয় জরুরী কাজ যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না;
- (ঙ) ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

৩.০ উক্ত নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


02/02/2024
(মুহাম্মৎ শাহীনা আক্তার)
জেলা প্রশাসক, ফেনী
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন : ০২৩৩৪৪৭৪০০০
dcfeni@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.২০.৩০০০.০০১.০৯.০০১.২৩- ০৭/২ (৬২)

তারিখ : ১৮ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৫। পুলিশ সুপার, ফেনী
- ০৬। অধিনায়ক, ৪ বিজিবি, জায়লস্কর, ফেনী
- ০৭। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফেনী
- ০৮। কোম্পানী কমান্ডার, সিপিসি-১, র্যাব-৭, ফেনী
- ০৯। জেলা নির্বাচন অফিসার, ফেনী
- ১০। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, (সকল), ফেনী (তাকে বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- ১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফেনী
- ১২। সহকারী পরিচালক, বিআরটিএ, ফেনী
- ১৩। জেলা তথ্য অফিসার, ফেনী (তাকে বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- ১৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনী (জেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ১৫। উপজেলা নির্বাচন অফিসার, ফেনী সদর/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম/সোনাগাজী/দাগনভূঞা, ফেনী
- ১৬। অফিসার ইনচার্জ, ফেনী সদর/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম/সোনাগাজী/দাগনভূঞা থানা, ফেনী
- ১৭। অফিস কপি/মাস্টার ফাইল।


০২/০২/২০২৪
জেলা প্রশাসক, ফেনী

ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন